



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ:

বিষয় : সাতক্ষীরা জেলার আশাশুণি উপজেলাধীন দরগাপুর এস, কে, আর এইচ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের গভার্ণিং বডিতে
বর্তমান সভাপতি পরিবর্তন না করা প্রসঙ্গে।

স্তুতি : শিক্ষা মন্ত্রণালয়ের ১৭-০২-২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩১.০০২.১২-৫২ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার আশাশুণি উপজেলাধীন দরগাপুর এস, কে, আর এইচ
উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের চলমান গভার্ণিং বডিতে সভাপতি জনাব রবিউল ইসলাম সিদ্দিকীকে মাননীয় সংসদ সদস্য জনাব রিফাত
আমিনের ডিও লেটারের ভিত্তিতে অত্র বোর্ডের ২০-০১-২০১৬ খ্রি. তারিখের ক/অ/৮৮(০২)/৫৬ স্মারক পত্র মোতাবেক অব্যাহতি প্রদান
করে তদস্থলে কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব শেখ শামীনুর রহমান শামীমকে সভাপতি হিসাবে মনোনয়ন দেয়া হয়। জনাব
রবিউল ইসলাম সিদ্দিকী অত্র বোর্ডের উক্ত স্মারক পত্রকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে ৯৪৮/১৬ নং রীট পিটিশন দায়ের করেন।
মহামান্য হাইকোর্ট গত ৩১-০১-২০১৬ খ্রি. তারিখের আদেশে অত্র বোর্ড হতে ইস্যুকৃত ক/অ/৮৮(০২)/৫৬ নং স্মারক পত্রটি আদেশের
তারিখ হতে পরবর্তী ০৩ (তিনি) মাসের জন্য স্থগিত করেন। মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী অত্র বোর্ড হতে ইস্যুকৃত
ক/অ/৮৮(০২)/৫৬ নং স্মারক পত্রটি পরবর্তী ০৩ (তিনি) মাসের জন্য স্থগিত করা হল মর্মে কলেজ কর্তৃপক্ষকে পত্র দেয়া হয়েছে।
ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

আপনার অনুগত,

০৯/৩/১৬

(প্রফেসর মোঃ আব্দুল মজিদ)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং : ০১২১-৬৮৬৫০

e-mail:chairman@jessoreboard.gov.bd

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯/৩/১৬

তারিখ: ০৯/৩/১৬

স্মারক নং- ক/অ/ ২১৯ (১)/৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর। (অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুণি, সাতক্ষীরা।
- ৫। সভাপতি, গভার্ণিং বডি, দরগাপুর এস, কে, আর এইচ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়,
ঢাকা ৪ দরগাপুর, আশাশুণি, সাতক্ষীরা।
- ৬। অফিস নথি।

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।